গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৫.০০২.২০-৪৩৩

তারিখঃ ২১ অগ্রহায়ণ ১৪২৭
০৬ ডিসেম্বর ২০২০

বিষয়ঃ বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকায় দায়েরকৃত এ.টি নং-৩৫/২০২০ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণের জন্য মামলার স্বাক্ষরিত জবাব (খসড়া), ওকালতনামা ও অথরাইজেশন লেটার প্রেরণ।

সূত্র:
(১) ডিটিই'র স্মারক নং- ৩৭.০০.০০০০.০৩৬.০৪.১৩.২০ (পলি-এটি-২২)-২২৮০, তারিখ: ১২/১১/২০২০ খ্রি:।
(২) ডিটিই'র স্মারক নং- ৩৭.০০.০০০০.০১২.১১.০১৮.১৪-১৫৫, তারিখ: ১২/১১/২০২০ খ্রি:।
(৩) ডিটিই'র স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.১১.০১৮.১৫-৯৭৯, তারিখ: ১৭/১২/২০১৮ খ্রি:।
(৪) ডিটিই'র স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.১১.০১৮.১৫-৯৭৮, তারিখ: ১৭/১২/২০১৮ খ্রি:।
(৫) বুয়েটের মতামত সম্বলিত পত্র তারিখ: ০১/০২/২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: মুজিবুর রহমান কর্তৃক সহকারি লাইব্রেরীয়ান কাম ক্যাটালগার পদে পটুয়াখালী পলিটেকনিক ইন্সটিটিউট, পটুয়াখালীতে যোগদানের সুযোগসহ সমুদয় বকেয়া বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ সুবিধাদি প্রদানের আদেশ প্রাপ্তির নিমিত্ত বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকায় এ.টি নং-৩৫/২০২০ মামলা দায়ের করা হয়।

২। উল্লেখ্য- বাদীর সহকারি লাইব্রেরীয়ান কাম ক্যাটালগার পদে নিয়োগের জন্য কাম্য যোগ্যতা লাইব্রেরী সায়েন্সে ডিপ্লোমা সনদ না থাকার পরেও নিয়োগ প্রদান করা হলে বাদী গত ০১/১১/১৮ খ্রি. তারিখে ডিটিইতে যোগদান করলে একই তারিখে বাদীকে পটুয়াখালী পলিটেকনিক ইন্সটিটিউটে পদায়ন করা হয়। অত:পর উক্ত প্রতিষ্ঠানে ০৪/১১/১৮ খ্রি. তারিখে যোগদান করেন এবং ০৪/১১/১৮ তারিখে কর্তৃপক্ষ যোগদানপত্র গ্রহণ করেন মর্মে ডিটিই'র ১২/১১/২০২০ তারিখের সূত্রোক্ত (১) নং পত্রের উল্লেখ রয়েছে।

৩। আরো উল্লেখ্য যে- ডিটিই কর্তৃক ০৬/৩/২০১৬ খ্রি. তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকমুলে জারীকৃত বিজ্ঞপ্তিতে "সহকারী লাইব্রেরীয়ান কাম ক্যাটালগার" পদে নিয়োগের শিক্ষাগত যোগ্যতার কলামে "লাইব্রেরী সায়েন্স সার্টিফিকেট" থাকার শর্ত উল্লেখ ছিল।

৪। **"অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভূয়া প্রমাণিত হলে তাঁর দরখাস্ত/নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে"** মর্মেও সূত্রোক্ত (২) স্মারকমূলে প্রকাশিত বিজ্ঞপ্তি এর ৮নং ক্রমিকে উল্লেখ ছিল।

৫। চাকুরী প্রার্থীদের উক্ত আবেদনসমূহ টেলিটক এর মাধ্যমে অন-লাইনে দাখিল করার বিধান ছিল। কিন্তু অন-লাইন আবেদন দাখিলের সফটওয়ারে ত্রুটি ছিল। লাইব্রেরী সায়েন্সে ডিপ্লোমা অথবা অভিজ্ঞতার তথ্য লিপিবদ্ধ করার কোন অপশন না থাকায় যে সকল প্রার্থীর নিয়োগ বিজ্ঞপ্তি অনুসারে প্রার্থীত যোগ্যতা ছিল না তারাও আবেদন করেন এবং আবেদনের প্রেক্ষিতে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্রও ইস্যু করা হয়। উল্লেখ্য, বৈধ আবেদনকারীর নিকট প্রবেশপত্র ইস্যুর দায়িত্বও টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ছিল মর্মে ভবিষ্যতে সফটওয়্যার প্রস্তুতের ক্ষেত্রে সতর্ক করে ডেপুটি জি.এম, টেলিটক বাংলাদেশ লিমিটেড বরাবর ডিটিই কর্তৃক ১৭/১২/২০১৮ খ্রি. তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকে প্রেরিত পত্রে উল্লেখ রয়েছে।

৬। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে বিভাগীয় বাছাই কমিটির সুপারিশক্রমে মোট ০৭ (সাত) জন সহকারী লাইব্রেরীয়ান কাম ক্যাটালগার-কে নিয়োগ আদশে প্রদান করা হয়। অত:পর নিয়োগপ্রাপ্ত উক্ত ০৭ (সাত) জন প্রার্থীর কাগজপত্র ও সার্টিফিকেট যথাযথভাবে না পাওয়ায় বিভাগীয় বাছাই /নির্বাচন কমিটির সুপারিশ অনুযায়ী উক্ত ০৭ (সাত) জন প্রার্থীর বিষয়ে বুয়েটের মতামত চেয়ে ডিটিই হতে ১৭/১২/২০১৮ খ্রি. তারিখে সূত্রোক্ত (৪) নং স্মারকমুলে পত্র প্রেরণ করা হয়।

৭। ডিটিই'র উক্ত পত্রের প্রেক্ষিতে "যেসব প্রার্থীর প্রয়োজনীয় সনদ জমা দিতে পারেননি তাদের নিয়োগের সুপারিশ বাতিল করাই যুক্তিযুক্ত বলে মনে হয়" মর্মে বুয়েট কর্তৃক ০২/০১/২০১৯ খ্রি. তারিখে সূত্রোক্ত (৫) নং পত্রমূলে মতামত প্রদান করা হয়।

৮। বাদী জনাব মো: মুজিবুর রহমান এর নিয়োগ সংক্রান্ত ত্রুটির বিষয়ে টিএমইডি'র চাহিত বিষয় ডিটিই কর্তৃক উক্তরুপ অবহিত করা হয়। এ.টি নং-৩৫/২০২০ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণের জন্য সলিসিটর উইং কর্তৃক বিজ্ঞ আইনজীবী জনাব মো: আবু সিদ্দিক মিলন এবং ডিটিই'র বিজ্ঞ প্যানেল আইনজীবী নিয়োগপ্রাপ্ত হয়েছেন মর্মেও ডিটিই কর্তৃক অবহিত করা হয়।

৯। ডিটিই'র বিজ্ঞ প্যানেল আইনজীবী কর্তৃক এ.টি নং-৩৫/২০২০ মামলার বিষয়ে প্রস্তুতকৃত জবাব (খসড়া) এর কপিসহ ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরের নিমিত্ত ১২/১১/২০ খ্রি. তারিখে সূত্রোক্ত (১) পত্রমূলে প্রেরণ করা হয়েছিল। পর্যালোচনান্তে উক্ত খসড়া জবাব এর (১১ নং প্যারায়) কতিপয় অস্পষ্টতা ধরা পড়লে তা সংশোধনক্রমে জবাব দাখিলের জন্য ডিটিই'র আইন কর্মকর্তা-কে টেলিফোনে অনুরোধের প্রেক্ষিতে ডিটিই কর্তৃক উক্ত জবাব সংশোধনক্রমে প্রেরণ করা হয়।

১০। এমতাবস্থায়, এ.টি নং-৩৫/২০২০ মামলায় সরকার পক্ষে জবাব দাখিল তথা প্রতিদ্বন্দ্বিতাকরণের নিমিত্ত সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত উক্ত মামলার জবাব (খসড়া), ওকালতনামা ও অথরাইজেশন লেটার নির্দেশক্রমে এ সংগে প্রেরণ করা হল।

সংযুক্ত :
১। ওকালতনামা -০১ পাতা।
২। অথরাইজেশন লেটার-০১ পাতা।
৩। স্বাক্ষরিত জবাব (খসড়া) -১০ পাতা।

০৬/১২/২০২০
(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):
১। সচিব মহোদয়ের এ কান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অফিস কপি/মাষ্টার কপি।